ইউএনওর কার্যালয়ে ইউপি সদস্যকে গুলি করে হত্যা

রাঙ্গামাটির বাঘাইছড়ি উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ঢুকে এক ইউপি সদস্যকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহতের নাম সমর বিজয় চাকমা (৪০)।

বুধবার দুপুর পৌনে ১টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ ঘটনা ঘটে।

নিহত বিজয় চাকমা উপজেলার রূপকার ইউনিয়নের ১নং ওয়ার্ড সদস্য। তার বাড়ি একই এলাকায়

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শরিফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

মোমেনের সঙ্গে যে কথা হলো মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টোনি জে. ব্লিঙ্কেন।

মার্কিন পররাষ্ট্রমন্ত্রণালয়ের মুখপাত্র নেড প্রাইস মঙ্গলবার এক বিবৃতিতে এ কথা জানিয়েছেন।

এতে বলা হয়, দুই পররাষ্ট্রমন্ত্রী দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক, সন্ত্রাসবিরোধী কার্যক্রম এবং প্রতিরক্ষা সহযোগিতা আরও গাঢ় করার উপায় নিয়ে আলোচনা করেছেন।

এ ছাড়া জলবায়ু পরিবর্তনের মতো অভিন্ন চ্যালেঞ্জ একসঙ্গে মোকাবিলার জন্য কাজ করার কথা বলেছেন তারা।

মিয়ানমার পরিস্থিতি, বিশেষ করে রোহিঙ্গা শরণার্থী সঙ্কটের একটি টেকসই সমাধান নিয়ে আলোচনা করেছেন আবদুল মোমেন ও ব্লিঙ্কেন।

একই সঙ্গে শ্রম ও মানবাধিকারের প্রতি সম্মান দেখানোর ওপর গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানানো হয় ওই বিবৃতিতে।

চলতি বছর বাংলাদেশ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করতে যাচ্ছে। এ জন্য বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী মোমেনকে অভিনন্দন জানিয়েছেন ব্লিঙ্কেন।

তারা দক্ষিণ এশিয়া এবং বৃহত্তর ইন্দো-প্যাসিফিক অঞ্চলের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য ঘনিষ্ঠ সহযোগিতার প্রত্যয়ও ব্যক্ত করেছেন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

বোনের ঝুলন্ত লাশ উদ্ধার ভাইয়ের ঘর থেকে

গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় এক শিশু শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।

মঙ্গলবার রাত ১১টার দিকে উপজেলার কলাবাধা এলাকায় বড় ভাইয়ের ঘর থেকে ওই শিশুর ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহত শিশুর নাম ফাতেমা আক্তার (১২)। সে কালিয়াকৈর উপজেলার কলাবাধা এলাকার আব্দুল করিমের মেয়ে। ফাতেমা স্থানীয় হলি মডেল স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী।

এলাকাবাসী জানান, আব্দুল করিম কলাবাধা এলাকায় তার পরিবার নিয়ে বসবাস করে আসছেন। করিম ও তার স্ত্রী লিপি আক্তার স্থানীয় কারখানায় চাকরি করেন। তারা কারখানা থেকে বাসায় ফিরে দেখেন তার ছেলের ঘরের দরজা-জানালা বন্ধ। অনেক ডাকাডাকি করলেও ভেতর থেকে কোনো সাড়াশব্দ পাওয়া যায়নি।

এতে সন্দেহ হলে তারা ঘরের দরজার সিটকানি ভেঙে ভেতরে ঢুকে ফ্যানের

সঙ্গে গলায় ওড়না পেঁচানো অবস্থায় তার মেয়ে ফাতেমার ঝুলন্ত মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেন।

পুলিশ ঘটনাস্থলে গিয়ে নিহত শিশুর মরদেহ উদ্ধার করেছে। শিশু ফাতেমা তার বড় ভাইয়ের ঘরে গিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। তবে কি কারণে সে আত্মহত্যা করেছে কেউ বলতে পারছে না।

কালিয়াকৈর থানাধীন মৌচাক ফাঁড়ির ইনচার্জ মনিরুজ্জামান জানান, ওই শিশুর মৃত্যুর কারণ জানা যায়নি। তবে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

আজ নিশিতার ৪ বছরের প্রেমের পরিণতি পাচ্ছে

সময়ের জনপ্রিয় কণ্ঠশিল্পী নিশিতা বড়ুয়ার ৪ বছরের প্রেমের পরিণতি পাচ্ছে আজ। প্রেমিক দীপংকর বড়ুয়ার সঙ্গে তার বিয়ে আজ।

গত সোমবার রাতে রাজধানীর মেরুল বাড্ডায় একটি রেস্তোরাঁয় গায়ে হলুদের অনুষ্ঠান হয়ে গেল। সেখানে দুই পরিবারের ঘনিষ্ঠজনেরা উপস্থিত ছিলেন। ছিলেন কণ্ঠশিল্পী সাব্বির জামান, মুহিন, খান, কিশোর দাস, প্রতীক হাসান, লিজাসহ অনেকে।

আজ রাজধানীর একটি অভিজাত রেস্তোরাঁয় দীপংকরকে আপন করে নেবেন এই গায়িকা। এ নিশিতা গণমাধ্যমকে বলেন, পারিবারিকভাবেই আমাদের বিয়ে হতে যাচ্ছে। সোমবার আমার গায়ে হলুদ অনুষ্ঠিত হয়েছে। সংগীত জগতের আমার অনেক সহকর্মী অনুষ্ঠানে উপস্থিত হয়ে আমাকে ধন্য করেছেন। আমার নতুন জীবনের জন্য সবার কাছে আশীর্বাদ চাইছি।

নিশিতার বরের নাম দীপংকর বড়ুয়া। তিনি পেশায় ব্যাংকার। চার বছরের প্রেমের সম্পর্ক তাদের। সেই প্রেম এবার পরিণয়ে রূপ নিচ্ছে।

চট্টগ্রামের মেয়ে নিশিতা বলেন, আমাদের দু’জনের বাড়িই চট্টগ্রামে। তবে সব আনুষ্ঠানিকতা হচ্ছে ঢাকাতে। বিয়ের পর চট্টগ্রামে যাব। করোনার কারণে সীমিত আকারে আয়োজন করা হচ্ছে।’

নিশিতা জানান, তারা গত বছরই বিয়ের প্রস্তুতি নিয়েছিলেন; কিন্তু করোনার কারণে তা হয়ে উঠেনি।

‘ক্লোজআপ ওয়ান ২০০৬’-এর দ্বিতীয় রানারআপ নিশিতা বড়ুয়া। ‘রংধনু ভালো লাগে, নীল আকাশ ভালো লাগে’ গানটি তাকে ব্যাপক শ্রোতাপ্রিয়তা এনে দেয়।

২০০৭ সালে প্রকাশিত হয় তার প্রথম একক অ্যালবাম ‘আমায় নিয়ে চলো’। চলচ্চিত্র ছাড়াও বিজ্ঞাপনের জিঙ্গেলে কণ্ঠ দিয়েছেন তিনি। নিশিতা বলেন, ‘জীবনের নতুন এক অধ্যায়ে প্রবেশ করছি। সবাই দোয়া করবেন, যেনো বাকি জীবন সুখী ও সুন্দরভাবে কাটিয়ে দিতে পারি।’’

শিক্ষার্থীদের ফের সড়ক অবরোধ পরীক্ষার দাবিতে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজের চলমান সব পরীক্ষা স্থগিতের প্রতিবাদ ও হল ক্যাম্পাস খুলে দেওয়ার দাবিতে ফের নীলক্ষেত মোড়ে অবস্থান নিয়েছেন শিক্ষার্থীরা।

বুধবার সকাল ৯টায় শিক্ষার্থীরা নীলক্ষেত মোড়ে অবস্থান নিয়ে সড়ক অবরোধ করেন।

শিক্ষার্থীদের অভিযোগ, বিশ্বিবিদ্যালয় প্রশাসনের খামখেয়ালি মনোভাবের বহিঃপ্রকাশ এই সিদ্ধান্ত। অচিরেই পরীক্ষার স্থগিতাদেশ প্রত্যাহার করে চলমান পরীক্ষা শেষ করার দাবি জানান তারা।

একই দাবিতে মঙ্গলবার সন্ধ্যায় নীলক্ষেত মোড়ে প্রথমে মানববন্ধন করেন শিক্ষার্থীরা। পরে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন তারা।

এর আগে সন্ধ্যায় সাত সরকারি কলেজের পরীক্ষা স্থগিত করা হয়। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির ঘোষণার একদিন পর মঙ্গলবার এ সিদ্ধান্ত আসে।

এর আগে বিকাল ৩টায় এ বিষয়ে সাত কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট তিন

ডিন বৈঠক করেন। সাত কলেজের প্রধান সমন্বয়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহউপাচার্য (শিক্ষা) অধ্যাপক এএসএস মাকসুদ কামালের নেতৃত্বে ওই বৈঠকটি হয়। সেখানেই পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত হয়।

এর আগে সোমবার অনলাইন সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী দীপু মনি জানান, ২৪ মে থেকে দেশের সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হবে। আর ১৭ মে আবাসিক হলগুলো খুলবে।

আলমডাঙ্গায় রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন বলেছেন, আমরা উন্নয়নে বিশ্বাস করি, দেশেন উন্নয়নে কাজ করে যাচ্ছি।
আওয়ামী লীগ ক্ষমতায় আসলে উন্নয়ন হয়। উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন যা আমরা কাজ করে দেখিয়েছি। এলজিইডির রুরাল কমিউনিটি ইমপ্লিমেন্ট প্রজেক্টের অধিনে আজ হাউসপুর থেকে বেলগাছি, খাসকররা হয়ে সরোজ গঞ্জ জিসি পর্যন্ত ১৯ কোটি ৫৮ লক্ষ ৫০ হাহার টাকা ব্যয়ে ১৮ কিঃ মিঃ রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন করা হল। পর্যায় ক্রমে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নেটর রস্তা নির্মাণ করা হবে। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে করতে পারেনি।
তিনি বলেন, আমরা স্বাধীনতার ৫০ বছর পূর্তি পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখী সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত একটি সোনার বাংলার। কিন্ত উনি বাস্তবে রুপ দিয়ে যেতে পারেন নি। তার কন্যা জননেন্ত্রী শেখ হাসিনা করে দেখিয়েছেন।
আলমডাঙ্গা ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপুর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলি, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম

জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, ওসি আলমগীর কবির, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, ক্রীড়া সম্পাদক মহিদুল ইসলাম মহিদ, প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান জোয়াদ্দার লোটাস, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হকসহ ডাউকি ইউনিন আওয়ামী লীগের সম্পাদক ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলামসহ সকল নেতৃবৃন্দ।

কুষ্টিয়ায় বস্তাবন্দি মরদেহ উদ্ধার, আটক-২

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহে নিখোঁজ হওয়ার ২৮ দিন পরে পুকুর থেকে মমতাজ বেগম (৫৫) নামের এক নারীর বস্তাবন্দি মরদেহ উদ্ধার করেছে পুলিশ।
গতকাল মঙ্গলবার বিকালের দিকে মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের দক্ষিণ কাটদহ এলাকার একটি পুকুর থেকে এ মরদেহটি উদ্ধার করা হয়। মমতাজ বেগম ওই এলাকার মৃত ফজল বিশ্বাসের স্ত্রী। এ ঘটনায় হত্যার দায়ে মমতাজ বেগমের ছেলে মুন্না (২৮) ও দক্ষিণকাটদহ এলাকার ইয়াসিনের ছেলে রাব্বিকে আটক করে পুলিশ।
পরে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে গতকাল মঙ্গলবার পুলিশ এসে পুকুর থেকে বস্তাবন্দি মরদেহ উদ্ধার করে।
স্থানীয় ইউপি সদস্য আমিরুল ইসলাম সান্টু জানান, তিন মেয়ের বিয়ে হয়ে যাওয়া এবং স্বামী ফজল বিশ্বাসের মৃত্যুর পরে ছোট ছেলে মুন্নাকে নিয়ে বসবাস করতেন মমতাজ বেগম। ২৮ দিন ধরে মুন্নার মা মমতাজ বেগম নিখোঁজ ছিলেন।

কুষ্টিয়া গোয়েন্দা পুলিশের (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, হত্যার কারণ সম্পর্কে এখনো তেমন কিছু জানা যায়নি, পরে বিস্তারিত জানানো হবে।

একজন মানবিক করোনাযোদ্ধা কুষ্টিয়ার আসাদুল ইসলাম

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস সংক্রমণের শুরু থেকে করোনা পজিটিভ আক্রান্ত রোগীদের সেবা দিয়ে করোনা ভাইরাসের বিরুদ্ধে প্রত্যক্ষভাবে লড়াই করে যাওয়া এক যুবকের নাম মো: আসাদুল ইসলাম। কুষ্টিয়ায় গড়ে ওঠা বেসরকারি স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র সনো হসপিটাল’র সিনিয়র ব্রাদার পোস্ট হিসেবে দীর্ঘ ৭ বছর ধরে দায়িত্ব পালন করছেন তিনি।
আসাদুল ইসলাম করোনাকালীন বিভিন্ন জায়গায় করোনা রোগীদের চিকিৎসা ঔষধ পথ্য সেবা দিয়ে এসেছেন। চিকিৎসকের নির্দেশে তিনি এসব রোগীদের সেবার জন্য এ পর্যন্ত ৭৫ জন রোগীদের সেবা দিয়েছেন তিনি। তারা সবাই সুস্থ্য হয়ে উঠেছেন।
এ কাজে মৃত্যুর ঝুঁকি আছে, তারপরেও তিনি ঝাঁপিয়ে পড়েছেন মানুষের সেবায়। এখন পর্যন্ত সেবা দিয়ে যাচ্ছেন তিনি।
তবে তার এই সেবার বিষয়ে তিনি বলেন, আমি মানুষের সেবায় কাজ করে আসছি দীর্ঘদিন ধরে। কিন্তু এই করোনাকালীন আবার করোনা ভাইরাস পজিটিভ মানুষকে সেবা করার মতো কঠিনতম কাজও আমি করেছি। আর এই কাজের অনুপ্রেরণা জুগিয়েছিলো কুষ্টিয়া জেনারেল হাসপাতালের কার্ডিয়াক বিভাগের চিকিৎসক ডা: নাসিমুল বারী বাপ্পী ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মেডিসিন বিভাগের জ্যেষ্ঠ মেডিসিন বিশেষজ্ঞ এসএম মুসা কবির। কোন কিছু পাওয়ার আশায় নয়, একেবারেই মানবিকতার বোধ থেকে আমি তাদের পাশে ছিলাম। সুস্থ্য করার জন্য দায়িত্ব পালন করেছি। তাদের সেবা করার চেষ্টা করেছি এবং ভবিষ্যতেও সেবা করবো। অক্সিজেন দেওয়াসহ বিভিন্ন ঔষধ খাওয়ানো এবং সেবা দিয়ে আসা ছিলো তার দায়িত্ব।
সরাসরি করোনা রোগীর সেবার ব্যাপারে তিনি ক্ষোভ প্রকাশ করে

বলেন, করোনায় আক্রান্ত হলে মানুষ যে কতটা অসহায় হয়ে পড়ে তার নির্মম উদাহরণ ছিলাম আমি। আমার নিজেরও করোনা হয়েছিলো। তখন আমার প্রতিবেশী আমার সাথে খুব খারাপ আচরণ করেছিলো। সে সময় আমি ছাদে পোষাক নাড়তে গেলে আমাকে নিষেধ করা হতো। আমাকে বন্দী থাকতে বলা হতো। করোনার থেকে মানুষিক যন্ত্রণাটা আমাকে কুঁরেকুঁরে খাচ্ছিলো।
পরে আমি সুস্থ্য হয়ে এই করোনা রোগীদের সেবায় নিজেকে নিয়োজিত করলাম। কুষ্টিয়ার অনেক করোনায় আক্রান্ত অসুস্থ্য রোগীর বাসায় গিয়ে হোম সার্ভিস দিতাম। রোগীর দেখভাল করা, ঔষধ খাওয়ানো, অক্সিজেন দেওয়া, অক্সিমিটার দিয়ে অক্সিজের মাপা, তাপমাত্রা মাপা, খাবার দেওয়া, শরীরে ইনজেকশন পুশ করাসহ সার্বিক খোঁজখবর নেওয়া দায়িত্ব ছিলো আমার।
এসব দায়িত্ব পালন করতে গিয়ে দেখতাম সেসব করোনা রোগীরা কত অসহায়। পরিবার পরিজনরা কাছে আসতে চায় না। দূরে দূরে থাকে। খাবার দিতে চাইনা। ওয়ান টাইম প্লেটে ও গ্লাসে পানি পান করতে দিতো তাদের। এসব কষ্ট আমাকে কষ্ট দেয়।
মানুষের সেবা করে তাঁকে সুস্থ করে তোলার ব্রত হিসেবে বেছে নিয়েছিলেন তিনি। এছাড়াও এই বিপদের সময় করোনায় আক্রান্ত মানুষের সেবায় আমি কেবল দায়িত্ব পালন করেছি।
তিনি বলেন আমি মানুষ হয়ে যদি মানুষের উপকারে না আসি তাহলে আমি কিসের মানুষ? যোগ করেন তিনি।
করোনায় আক্রান্ত হয়ে সুস্থ্য হয়ে ওঠে কুষ্টিয়া শহরের ব্যবাসায়ী বাবু অজয় সুরেকা বলেন, করোনার সময়ে মানুষের চিকিৎসা সেব দিতে ভয় পাচ্ছিলেন অনেক চিকিৎসক। সেখানে আসাদুল সত্যি তার মানবিকতার পরিচয় দিয়েছে। আমি নিজেও আক্রান্ত ছিলাম। খুব ভয় পেয়েছিলাম সে সময়। তিনিই আমার পাশে এসেছিলেন। আমার ঔষধ থেকে শুরু করে চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী আমাকে সেবা সহযোগীতা করছে। এতে করে তার কোন বিশেষ চাহিদাও ছিলো না। যদি সত্যিকারের করোনা যোদ্ধা হিসেবে কেউ থাকে তাহলেই এই আসাদুলের নামই আগে আসবে। নারী বাতায়নের সভাপতি সাফিনা আনজুম জনী বলেন, আমরা করোনাকালীন ফাইন্ড এ ফরচুন ও নারী বাতায়ন সংগঠনের মাধ্যমে আমাদের কার্যক্রম করতে গিয়েও করোনা রুগীদের সেবার জন্য এই আসাদুল ইসলামের স্বরব উপস্থিতি দেখতে পেয়েছি। তিনি নিজেই ছুটে গেছেন জেলা শহরের বিভিন্ন এলাকায় করোনার রোগীদের বাড়ি বাড়ি সেবা করার জন্য। সত্যি সে মানবিক কাজ করেছে এই সময় পর্যন্ত।
কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মেডিসিন বিভাগের জ্যেষ্ঠ মেডিসিন বিশেষজ্ঞ এসএম মুসা কবির বলেন, সত্যি আসাদুল ইসলাম ব্রাদার হলেও

তিনি এ করোনাকালীন সময়ে অনেক রোগীকে সেবা করেছে। তর জন্য আমাদের হাসপাতালের অনেক চাপ কমেছিলো।

কুষ্টিয়ায় কসমেটিকসের গোডাউনে আগুন, কোটি টাকার ক্ষতি

কুষ্টিয়া শহরের বড়বাজারে একটি কসমেটিকসের গোডাউনে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের মোট চারটি দল কাজ করেছে। প্রায় তিন ঘণ্টা পর আগুন নিয়ন্ত্রণে আসে। গতকাল মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া শহরের বড়বাজার এলাকায় এ ঘটনা ঘটে।
সরু গলি সড়ক আর পানি স্বল্পতায় দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। গুদামে গ্যাস লাইট, লাইটার, বডি স্প্রেসহ বিভিন্ন কসমেটিকস পণ্য ছিলো।
স্থানীয়রা জানান, তিন তলাবিশিষ্ট বড়বাজার মসজিদ মার্কেটের দুই তলায় জাহাঙ্গীর কসমেটিকস স্টোর নামক দোকানের গুদাম ঘরে এই আগুন লাগে। বিকাল ৪টা ১৫ মিনিটের দিকে এই আগুনের সূত্রপাত হয়। নিচতলায় নিজের দোকানে বসে সিসি ক্যামেরার ভিডিও দেখে জাহাঙ্গীর আলম গুদামের আগুন টের পান। দ্রুত এসে তিনি ফায়ার সার্ভিসকে খবর দেন। স্থানীয়রা ছুটে এসে আগুন নিয়ন্ত্রণে নেবার চেষ্টা শুরু করেন। কিন্তু যত সময়ের সঙ্গে পাল্লা দিয়ে ধোঁয়া বাড়তে থাকে। কুষ্টিয়া ফায়ার সার্ভিস দল এসে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করেন।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক রফিকুল ইসলাম জানান, সরু গলি হওয়ায় দূরে গাড়ি রেখে তারা পাইপের মাধ্যমে পানি দিয়ে আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হচ্ছিল না। পানি শেষ হয়ে গেলে ফায়ার সার্ভিসের কর্মীরা আশপাশে সহজে পানি পায়নি। খবর দেওয়া হয় কুষ্টিয়ার উপজেলাগুলোর ফায়ার সার্ভিস দলকে।
পরবর্তিতে আরও তিনটি ইউনিট এসে যোগ দেয়। তবে পানি যোগানে স্বল্পতা, সরু গলির সড়কে জায়গা না থাকায় আগুন নিয়ন্ত্রণে অনেক সময় লেগেছে। পরে ছাদ ভেঙ্গে সেখান দিয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ভেতরে ঢুকে পানি ও গ্যাস দিয়ে তিন ঘণ্টার প্রাণপণ চেষ্টায় আগুন

নিয়ন্ত্রণে আসে। তবে কিভাবে আগুন লেগেছে এখন পর্যন্ত তা জানা যায়নি। আগুন লাগার সময় গুদামে কেউ ছিল না বলে জানা গেছে। দোকানি জাহাঙ্গীর বলেন, তার গুদামে কোটি টাকার বেশি মালামাল ছিল।

আলমডাঙ্গায় কঠোর নিরাপত্তায় বিআরডিবির নির্বাচন, ৩৪ ভোটে রবিউল ইসলামের জয়

আলমডাঙ্গায় কঠোর পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে বিআরডিবি সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন। নির্বাচনে মো: রবিউল ইসলাম বিজয়ী হয়েছেন।
এবারের নির্বাচনে মোট ৩জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করেন। প্রার্থীরা হলেন মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক, মোঃ বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক ও খন্দকার বজলুল করিম আম প্রতীক। গতকাল মঙ্গলবার সকাল ১০ থেকে এ নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়। দুপুর ২ টার মধ্যে সমিতির ৭৭ জন ভোটার ভোট প্রয়োগ করেন।
এ নির্বাচনে মোঃ রবিউল ইসলাম আনারস প্রতীক নিয়ে ৩৪ ভোট পেয়ে বিআরডিবির সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দি¦ মো: বিপ্লব হোসেন মাস্টার চেয়ার প্রতীক নিয়ে পেয়েছেন ২৪ ভোট। এ ছাড়াও খন্দকার বজলুল করিম আম প্রতীক নিয়ে পেয়েছেন ১৯ ভোট। এদিকে বিনা প্রতিদ্বন্দিতায় সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন নাসির উদ্দিন, সদস্য মোছাঃ রোকেয়া খাতুন, কাজী আব্দুল মোমেন। বিজয়ী প্রার্থী রবিউল ইসলাম তার প্রতিক্রীয়ায় বলেন, যারা আমাকে বিজয়ী করেছেন তাদের অসংখ্য ধন্যবাদ। সেই সাথে পুলিশ বাহিনীর সদস্য ও সাংবাদিকদের অসংখ্য ধন্যবাদ জানায়।
উল্লেখ্য ইতোপূর্বে রবিউল ইসলাম ১৯৯৫ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত আলমডাঙ্গা বিআরডিবির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন।